ইত্তেফাক

তারিখ ২২/৩/৮১
পৃষ্ঠা ... কলাম ...



# ৬৬টি কলেজে শিক্ষক ও কর্মচারী ধর্মঘট

( ইত্তেফাক রিপোর্ট )

চাকুরী স্থায়ীকরণসহ মোট ১৪ দফা দাবীতে নব জাতীয়কৃত ৬৬টি কলেজের শিক্ষক ও কর্মচারীবৃন্দ গতকাল (শনিবার) প্রতীক ধর্মঘট পালন করেন।

গাইবান্ধা, মুন্সীগঞ্জ, খুলনা, শেরপুর টাউন, নাটোর, নেত্রকোনা, ঝিনাইদহ হইতে আমাদের সংবাদদাতাগণ তারবার্তায় স্থানীয় অনুরূপ কলেজগুলিতে শিক্ষক-কর্মচারীদের প্রতীক ধর্মঘট পালনের খবর জানাইয়াছেন। প্রতিটি কলেজে [illegible] পৃথক পৃথক সাংবাদিক সম্মেলনের আয়োজন করেন বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ। ঝিনাইদহের কেশব চন্দ্র কলেজের ইউনিট জানান, ১৮ই এপ্রিলের মধ্যে দাবী পূরণ না হইলে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু হইবে। শিক্ষকগণ জানান, তাঁহারা পূর্ববর্তী বেতনের চাইতে এখন কম বেতন পাইতেছেন।